দর্শনায় ফেনসিডিল ও গাঁজাসহ গ্রেফতার ৪

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের পৃথক মাদকবিরোধী অভিযানে ফেনসিডিল ও মদসহ ইমন, বুদো, খোদাবক্স এবং মোসা কে গ্রেফতার করা হয়েছে।

গতকাল দর্শনা থানার (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে রাত ০৮ ঘটিকার সময় গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই খান আব্দুর রহমান, এ এস আই আনোয়ারুল ইসলাম সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর মোড় হতে ১০ (দশ) বোতল ফেন্সিডিলসহ মোঃ মেহেদী হাসান ইমন কে গ্রেফতার করে। আসামি মেহেদী হাসান ইমন দর্শনা আজিমপুরের আঃ মালেক এর ছেলে।

অপরদিকে, দুপুর ২.৩০ ঘটিকার সময় এসআই মোঃ সাইফুল ইসলাম, এএসআই মোঃমহিউদ্দিন সঙ্গীয় ফোর্স নিয়ে দর্শনা থানাধীন প্রতাপপুর গ্রাম হতে, ০৩ (তিন) কেজি গাঁজা উদ্ধারসহ ৩ জন আসামিকে গ্রেফতার করে। আসামিরা হলেন ১/ মোঃ বুদো (৪৩), পিতাঃ মোঃ আবুল কালাম, গ্রাম চন্ডিপুর,

আসামি ২/মোঃ খোদাবক্স (২৭), পিতাঃ মোঃ হায়দার আলী গ্রাম প্রতাপপুর আসামি ৩/মোঃআবু মুসা পিতা-মৃত মোসলেম গ্রাম কৃষ্ণপুর বোয়ালমারী, উভয়ে দর্শনা থানার জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত সকল আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনা কেরু’জ মিলে আখ সংগ্রহে অনিয়ম

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় অবস্থিত কেরু এন্ড কোম্পানি একটি ভারি শিল্প প্রতিষ্ঠান। এই কেরু’জ চিনিকলে আখ থেকে চিনি, গুড়,

চিটাগুড়, মদ ইত্যাদি উৎপাদন করা হয়। আখই কেরু’জ চিনিকলের মূল কাঁচামাল, আখ ছাড়া এই চিনিকল পরিচালনা করা অসম্ভব।

কিন্তু দর্শনা কেরু’জ চিনিকলেএই মূল কাঁচামাল আখ সংগ্রহে অনিয়ম দেখা গেছে। সেন্টার বাদে অনুমোদন ছাড়াই মদনা মাঠে ট্রাক্টরে আখ লোড দিতে দেখা গেছে। আর এই অনিয়ম কারণেই আখ চাষি ক্ষতিগ্রস্ত হচ্ছে যার কারণে মুখ ফিরিয়ে নিচ্ছে সাধারণ চাষি।

এই বিষয়ে কেরু এন্ড কোম্পানির জিএম গিয়াস উদ্দীনের সাথে মুঠোফোনে যোগাযোগ করলে তিনি বলেন, আমি এখন ঢাকায় আছি, আমি এখন এ বিষয়ে কোন কথা বলবো না।

এ বিষয়ে কেরু’জ সিআই মনির উদ্দীনের কাছে আখ মাঠ থেকে কেটে নেওয়ার পর সেন্টার এর অনুমোদন ছাড়া মাঠে ট্রাক্টরে লোড করার কোন অনুমোদন আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, সেন্টার এর কাটাই ওজন হবে তারপর ট্রাক্টর লোড হবে এর বীপরিতে কিছু করলে তার কোন অনুমোদন নেই।

এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত) শেখ সাহাবদ্দীনের কাছে জানতে চাইলে তিনি বলেন, আমার জানামতে মদনা মাঠে কেরু এন্ড কোম্পানির ট্রাক্টরে আখ লোডের অনুমোদন নেই।

জানা গেছে, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের হাফিজুল এর ছেলে আখ চাষী আব্দুল আজিজ। এই বিষয়ে তার কাছে জানতে গেলে তিনি সাংবাদিক দেখে দৌড়ে পালিয়ে য়ান। অনুমোদন ছাড়া ট্রাক্টরে আখ লোড দেওয়া গাড়ীর চালান নং ৪৮৩১ এবং গাড়ীর লাইসেন্স নং ২০ এবং ড্রাইভার এর নাম সৈকত আলী।

এ ঘটনায় তদন্ত করলে বেরিয়ে আসবে আসল রহস্য তবে সেন্টার বাদে কিভাবে ট্রাক্টর লোড করে সরকারি অর্থ হাতিয়ে নিচ্ছে একটি কুচক্র মহল। এ বিষয়ে কেরু এন্ড কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক জনাব আবু সাইদ ব্যবস্থা নিবেন আশা করছে সাধারণ কৃষককূল ।

জীবননগর পৌর নির্বাচনে মনোনয়নপত্র সংগ্রহ

জীবননগর পৌরসভা নির্বাচনে নির্বাচন কমিশন কর্তৃক চতুর্থ ধাপের তফসিল ঘোষণা করেছে। ১৭ জানুয়ারি মনোনয়নপত্র সংগ্রহের শেষ দিন, ১৯শে জানুয়ারি যাচাই-বাছাই ২৫ শে জানুয়ারি মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন। আগামী ১৪ ই ফেব্রুয়ারি নির্বাচন অনুষ্ঠিত হবে।

মনোনয়নপত্র সংগ্রহের দ্বিতীয় দিনে মেয়র পদে বি এন পির পৌর যুবদলের আহ্বায়ক হযরত আলী ও সাবেক পৌর বিএনপির সভাপতি শাহজাহান কবির উপজেলা রিটার্নিং অফিসার ও নির্বাহী অফিসারের নিকট থেকে তাদের মনোনয়নপত্র সংগ্রহ করেন।

এছাড়া কাউন্সিলর পদে ২ নাম্বার ওয়ার্ড থেকে একজন, ৩ নম্বর ওয়ার্ড থেকে পাঁচজন, ৪ নাম্বার ওয়ার্ডের তিনজন, ৫ নম্বর ওয়ার্ডের দুইজন, ৬ নম্বর ওয়ার্ডের তিনজন, ৭ নম্বর ওয়ার্ডের চারজন, ৮ নম্বর ওয়ার্ডের তিনজন, ও ৯ নম্বর ওয়ার্ডের একজন ও সংরক্ষিত মহিলা আসনে তিনজন প্রার্থী তাদের মনোনয়নপত্র সংগ্রহ করেন। উল্লেখ্য, জীবননগর পৌরসভায় মোট ভোটার সংখ্যা ২০,৮২৭জন।

দর্শনায় ফেন্সিডিলসহ গ্রেফতার ১

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশের মাদকবিরোধী অভিযানে ৮০ বোতল ফেন্সিডিলসহ মোছাঃ শাকিলা খাতুন(৫৬) কে গ্রেফতার করা হয়েছে।

পুলিশ জানায় দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোঃ মাহাব্বুর রহমান কাজল এর নেতৃত্বে গতকাল বুধবার রাত ৮.৪৫ ঘটিকার সময় দর্শনা থানা পুলিশ গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার এস আই মোঃ

শরিফুল ইসলাম, এ এস আই মোঃ শাহিন আলম, এএসআই মোঃ কুদ্দুস আলী, এএসআই ইদ্রিস আলী এবং সঙ্গীয় ফোর্সসহ দর্শনা থানাধীন চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) আসামির বসত বাড়ির উঠান হতে ৮০ বোতল ফেন্সিডিলসহ আসামি মোছাঃ শাকিলা খাতুন কে গ্রেফতার করা হয় ।

আসামি শাকিলা খাতুন দর্শনা থানার চন্ডিপুর গ্রামের (স্কুল পাড়া) জেলাঃ চুয়াডাঙ্গা এর বাসিন্দা। গ্রেফতার কৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য আইনে মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় ভালোবাসার বন্ধনের উদ্যোগে মানবতার দেওয়ালে

চুয়াডাঙ্গা জেলার দর্শনা চটকাতলায় ভালোবাসার বন্ধনের উদ্যোগে মানবতার দেওয়ালে চাউল, আটাসহ নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র পাওয়া যাচ্ছে প্রতিদিন।

গতকাল বিকাল ৩টায় থেকে এ মানবতার দেওয়ালে চাউল, আটাসহ নিত্য প্রয়োজনীয় খাদ্যদ্রব্য পাওয়া যাচ্ছে।

দর্শনার ভালোবাসার বন্ধন ও সাধারণ মানুষসহ যে কোন বৃত্তশালী ব্যক্তি এ মানবতার দেওয়ালের আলমারিতে ৫০টাকা বা ১০০শত টাকার এককেজি বা দুইকেজি চাউল বা আটা এলাকার দরিদ্র মানুষের জন্য দিতে পারেন।

গতকাল শনিবার বেশ কিছু মানুষ মানবতার দেওয়ালে চাউল, আটা, আলু, ডিম, কাপড় কাঁচা পাউডার, চীপস, ডাউল ও পোষাকসহ নানা ধরনের নিত্য প্রয়োজনীয় জিনিসপত্র রেখে দেওয়া হলে এলাকার দরিদ্র মানুষ সেগুলো নিয়ে যাচ্ছে এবং তাদের ক্ষুধা নিবারণ করছে।

দর্শনার শফিকুল হত্যা মামলায় ৪ আসামি গ্রেফতার

চুয়াডাঙ্গা জেলার দর্শনার বড়বলদিয়ায় শফিকুল হত্যা মামলার ৪ জন আসামিকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ। গত ১/১/২০২১ তারিখে সন্ধ্যায় দর্শনা থানাধীন বড়বলদিয়া গ্রামে জমিজমা সংক্রান্ত বিরোধে প্রতিপক্ষের আঘাতে শফিকুল ইসলাম (৪০) নিহত হয়।

ঘটনা সূত্রে জানা গেছে, দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের বড়বলদিয়া গ্রামের মৃত শুকুর আলীর ৪ ছেলে বিল্লাল, বিশারত, জালাল, শফিকুল যৌথ ভাবে একই গ্রামের বগার কাছ থেকে ৬ কাঠা জমি ক্রয় করে। কিন্তু সেই জমি ছিলো নিহত শফিকুলের চাচা কালামের দখলে।

তবে এই জমি একাধিকবার দখল চেয়ে তার সুরাহা না হলেও গতকাল তা সমাধানের একপর্যায়ে চলে এসেছিলো। আগামী চৈত্র মাসেই জমির দখল দিতে রাজি হয় কালাম। এদিকে শফিকুল ও তার বড় ভাই বিল্লাল এই প্রস্তাবে রাজি হয়ে বাড়িতে চলেও যাচ্ছিলো।

কিন্তু কালামের স্ত্রী মেগি বেগমসহ তার মেয়ে তাজেরা, শাহানাজ ও সুলতানের মেয়ে তানিয়া হঠাৎ চেঁচিয়ে উঠে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে।

এ নিয়ে দু’পক্ষের মধ্যে বাকবিতণ্ডার সৃষ্টি হয়। তারই এক পর্যায়ে মৃত আমির হোসেনের ছেলে কালাম (৫৮) ও তার জামাই সুলতান পিতা- সাত্তার আলী পাশে পড়ে থাকা বাঁশ ও কাঠ দিয়ে আঘাত করে শফিকুল ও তার বড় ভাই বিল্লাল (৪৮) কে। এই আঘাতে বিল্লাল আহত হলেও গুরুতর ভাবে রক্তাক্ত জখম হয়ে মাটিতে পড়ে যায় শফিকুল। তাৎক্ষণিকভাবে স্থানীরা তাকে হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করেন।

এ বিষয়ে নিহত’র বড় ভাই বাদি হয়ে গত ১/১/২০২১ শুক্রবার রাতেই তার চাচা কালাম ও কালামের জামাই সুলতানসহ ৭ জনকে আসামি করে দর্শনা থানায় একটি হত্যা মামলা দায়ের করেছিল।

এ ঘটনায় দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল দ্রুত পদক্ষেপ নেওয়ার কারণে ঘটনার পরের দিন ৪ জন আসামিকে গ্রেফতার করতে

সক্ষম হয়।

গ্রেফতার কৃত আসামিরা হলেন ১। মোঃ আবুল কালাম (৫৫), পিতা-মৃত আমির হোসেন, শ্বশুর মৃত সামেদ আলী, গ্রাম-বড় বলদিয়া, ২। মোঃ সাগর আলী (২৪), পিতা-মোঃ ওমেদুল ইসলাম, গ্রাম ওসমানপুর (বেদেপোতা), ৩। মোছাঃ মেগীরন খাতুন (৫০), স্বামী-মোঃ আবুল কালাম, ৪। তাজেরা বেগম (৩৮) পিতা-কালাম, গ্রাম-বড়বলদিয়া, থানা- দর্শনা, জেলা-চুয়াডাঙ্গা।

এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল বলেন, আমরা এখনও পর্যন্ত ৪ জনকে গ্রেফতার করেছি এবং খুব দ্রুত বাকি আসামিদের গ্রেফতার করে আইনের আওতায় নিয়ে আসবো।

দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে শীতবস্ত্র বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলায় স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেড এর যৌথ উদ্যোগে অসহায় হতদরিদ্র মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার দুপুর ১২ টার সময় দর্শনার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন পরিষদ চত্বরে এই শীত বস্ত্র বিতরণ করা হয়। অনুষ্ঠানে অতিথিদের ফুলেল শুভেচ্ছা প্রদান করেন স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেডের কর্মকর্তারা।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের ৬ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিজানুর রহমান বাবলু। প্রধান অতিথি হিসেবে শীতবস্ত্র বিতরণ করেন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ জিয়াউল হক।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগান্তর ও মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি ইকরামুল হক পিপুল, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মোঃ ফরিদ হোসেন, দর্শনা প্রেস ক্লাবের

সাবেক সভাপতি মো: হানিফ মন্ডল, স্টার গোল্ড ইলেকট্রনিক এগ্রো ফার্ম লিমিটেডের কর্মকর্তা সুচরিত সুলতনা, শাকিল আহমেদ, তানিয় প্রমুখ।

অনুষ্ঠানে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের অসহায় হতদরিদ্র ৪ শত মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়।

দর্শনায় নৌকা প্রতিক পেলেন মতিয়ার রহমান

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় পৌর নির্বাচনে দলীয় মনোনয়ন পেয়ে দলীয় প্রতিক নৌকার কান্ডারী হয়ে দর্শনাতে ফিরে বিশাল গাড়ি বহর এবং ফুলেল শুভেচ্ছায় মনোমুগ্ধ হলেন, দর্শনা পৌর আওয়ামীলীগের সভপাতি ও তিন বারের নির্বাচিত মেয়র মতিয়ার রহমান।

আসন্ন দর্শনা পৌরসভা নির্বাচনে মেয়র পদে আওয়ামী লীগের দলীয় নৌকা প্রতীক পেয়ে পৌর আওয়ামীলীগের সভাপতি মতিয়ার রহমান গতকাল সোমবার বেলা সাড়ে ১২ টার দিকে ঢাকা থেকে দর্শনায় নিজ নির্বাচনী এলাকায় পৌঁছে দলীয় ও সাধারণ মানুষের প্রাণ ঢালা ভালোবাসা পেয়ে তিনি বলেন, আমি আমার প্রাণের সংগঠন বাংলাদেশ আওয়ামীলীগ থেকে দলীয় ভাবে মনোনীত হয়ে নৌকার কান্ডারী হতে পেরে সর্বপ্রথম আমার সৃষ্টিকর্তা মহান আল্লাহ তায়ালার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করছি এবং তার পরেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি, বাঙালি জাতির জনক সোনার বাংলার স্বপ্ন দ্রষ্টা শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা দেশ রত্ন বাংলাদেশ আওয়ামীলীগ এর সভানেত্রী মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনাকে এবং মনোনয়ন বোর্ডের সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। আমি আরও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি,

বাংলাদেশ আওয়ামীলীগ চুয়াডাঙ্গা জেলা শাখার শ্রদ্ধেয় সভাপতি ও চুয়াডাঙ্গা-১ আসনের মাননীয় সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন (এমপি), সহ-সভাপতি ও চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজী আলী আজগার টগর (এমপি), দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও

চুয়াডাঙ্গা জেলা পরিষদের সাবেক প্রশাসক মাহফুজুর রহমান মনজু সহ দলের সকল পর্যায়ের নেতাকর্মী ও আমার প্রাণ প্রিয় দর্শনা পৌরবাসীকে।

তিনি আরও বলেন, আমি জানি দর্শনা বাসী আমাকে কতটা ভালোবাসে যার ফল আমার বার বার জয়লাভ এবং এইবারে তাদেরই দোয়াতে এবং অশেষ রহমতে আমি গতবারের মতো এবারও দল থেকে মনোনীত হয়ে আবারও নৌকার কান্ডারী হয়ে আপনাদের মাঝে এসেছি। আর আমার স্বপ্ন দর্শনা পৌরসভার যেভাবে উন্নয়ন কাজ অব্যাহত রেখেছি আপনাদের দোয়ায় পুনরায় নির্বাচিত হলে দর্শনা বাসীকে আরও বেশি উন্নয়ন করে দেখাতে চাই। আর যতোদিন বেঁচে আছি আমি আপনাদের সন্তান হয়ে আপনাদের সেবক হয়ে বেঁচে থাকতে চাই।

দর্শনায় পৌরসভা নিবার্চনকে সামনে রেখে বিএনপির দুইজন প্রার্থীর কেন্দ্রে দৌড় ঝাঁপ

দর্শনা পৌরসভা নিবার্চনকে সামনে রেখে বিএনপির দুইজন প্রার্থী এনামুল হক শাহ মুকুল ও হাবিবুর রহমান বুলেট কেন্দ্রে দৌড় ঝাঁপ করছে।

ইতোমধ্যে আওয়ামী লীগের ৩ বারের নিবার্চিত বর্তমান মেয়র মতিয়ার রহমান নৌকা প্রতীক নিয়ে এবং সতন্ত্র প্রার্থী প্রতিদিন ভোটারদের দ্বারে দ্বারে ঘুরছে। তখনও বিএনপি প্রার্থীদ্বয় কেন্দ্রীয় কামটির দিকে তাকিয়ে আছে।

তবে দুইজন প্রার্থী এনামুল হক শাহ মুকুল ও হাবিবুর রহমান বুলেটের দাবী দলের যোগ্য প্রার্থীকে মনোনয়ন দেয়া হোক।

এদিকে গতকাল বিকাল সাড়ে ৪টায় বেশ কয়েজন হটাৎ করেই দর্শনা সোসাইট চত্বরে ১৪/১৫জন একটি নিবার্চনকে ঘিরে দ্বিমত সৃষ্টি করে এবং এনামুল হক শাহ মুকুলকে প্রার্থী দাবী করে বাবু খানকে নানা প্রশ্ন

ছুড়ে দেন।

তবে বুলেট বলেন দল যাকে যোগ্য মনে করবেন তাকেই মনোনয়ন প্রদান করবেন। তবে কে পাবেন বিএনপি দলীয় মনোনয়ন ও ধানের শীষ প্রতীক তা এখন ৩০ ডিসেম্বর পর্যন্ত অপেক্ষা করতে হবে বলে প্রার্থীরা জানান।

তবে একটি সূত্র বলছেন হাবিবুর রহমান বুলেট হয়ত ধানের শীষ প্রতীক নিয়ে ভোট যুদ্ধে নামছেন।

দর্শনায় কর্মমুখী প্রশিক্ষণের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় তিন মাস ব্যাপী সুইং মেশিন, মোবাইল সার্ভিসিং ও ইলেট্রিক্যাল ইসলেশন মেইন্টেনেন্স প্রশিক্ষণের এর উদ্বোধন হয়েছে।

ওয়েভ ফাউন্ডেশনের বাস্তবায়নে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন পিকেএস এফের সহযোগিতায় প্রশিক্ষণের উদ্বোধন করেন ওয়েভ ফাউন্ডেশনের নিবার্হী পরিষদের সচিব বীর মুক্তিযোদ্ধা ফজলুল হক।

এ প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ওয়েভ ফাউন্ডেশনের সাধারণ পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা মহাসীন আলী, বীর মুক্তিযোদ্ধা বদরুল আলম ফিট্টু, এ্যাভোকেট কাজল মাহমুদ, প্রশিক্ষণ বিভাগের উপ-পরিচালক জহির রায়হান ও একই বিভাগের অধ্যক্ষ আব্দুস সালাম।

এছাড়া উপস্থিত ছিলেন, ১ম ব্যাচের রাকিবুল ইসলাম ও চতুর্থ ব্যাচের প্রশিক্ষণার্থী বর্তমান উদ্যোগতা রূপা খাতুন, প্রশিক্ষণার্থীদের মধ্যে নিশাদ খান, হেনা খাতুন ও মিরাজ উদ্দিন ও ৩টি ব্যাচে ৭৫ জন বেকার কিশোর-কিশোরী।

এসব প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণ শেষে চাকুরী অথবা নিজেই তাদের প্রতিষ্ঠান গড়ে তুলতে পারবে বলে বক্তারা বলেন। প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করবেন সুইং মেশিন আপারেশনে রাশিদা খাতুন ও

হাসনা জাহান, মোবাইলের প্রশিক্ষণ দেবেন আমিনুল কাশেম ও শাহাদত হোসেন সেতু এবং ইলেকট্রিক্যাল বিষয়ে শামীম রেজা।

অনুষ্ঠান পরিচালনা করেন মনিরুল ইসলাম।